

## শ্রেণিকক্ষে প্রমিত ভাষায় কথা বলুন

নিজস্ব প্রতিবেদক

৫ নভেম্বর ২০১৯ ০০:০০ | আপডেট: ৫ নভেম্বর ২০১৯ ০১:০০



শ্রেণিকক্ষ  
আমাদের সময়

প্রাথমিক বিদ্যালয়ের শ্রেণিকক্ষে পাঠদানের সময় শিক্ষকদের প্রমিত ভাষায় কথা বলার পরামর্শ দিয়েছেন অধ্যাপক রহমত আলী। গতকাল শিশু একাডেমি মিলনায়তনে এক অনুষ্ঠানে এ পরামর্শ দেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের থিয়েটার অ্যান্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগের এ অধ্যাপক। অনুষ্ঠানে রুম টু রিড বাংলাদেশের বাস্তবায়িত সাক্ষরতা

কর্মসূচির অন্তর্ভুক্ত ঢাকা জেলার ৪০টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ৩০৯টি শ্রেণিকক্ষ পাঠাগার উদ্বোধন করা হয়।

প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিচালক সোহেল আহমেদ বলেন, ২০২০ সালের মধ্যে ৭০ শতাংশ শিক্ষার্থী যেন রিডিং পড়তে পারে, সেই লক্ষ্যকে সামনে রেখে সরকার কাজ করে যাচ্ছে। বেসরকারি উন্নয়ন সংস্থা রুম টু রিড শিক্ষার উন্নয়নে সরকারও ভূমিকা রাখছে।

অনুষ্ঠানে রুম টু রিড বাংলাদেশ প্রোগ্রাম অপারেশন ডিরেক্টর বদরুজ্জামান খান বলেন, সাক্ষরতা কর্মসূচির আওতায় রুম টু রিড বাংলাদেশ ইতোমধ্যে ১ হাজারের বেশি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রায় ৩ লাখ শিশুর সঙ্গে সরাসরি কাজ করেছে। প্রাথমিক বিদ্যালয়ে শ্রেণিকক্ষ পাঠাগার স্থাপন, শিশুতোষ গল্পগ্রন্থ প্রকাশনা ও সরবরাহের মাধ্যমে ২০১৫ সাল থেকে শিশুদের পঠন দক্ষতা ও পড়ার অভ্যাস তৈরিতে কাজ করা হচ্ছে।

advertisement